গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

নং- ১৪.০০.০০০০.০০৬.২৭.০০২.২২-১০ তারিখ: ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব কুদ্দুস আহমেদ তুষার, প্রাক্তন শাখা কর্মকর্তা (ডিএন্ডএম), ডাক অধিদপ্তর, ঢাকা-কে ০১/০৩/২০১৭ হতে ২৮/০২/২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত PhD (Civil Eng.) কোর্সে অংশগ্রহণের নিমিত্ত ০৪ (চার) বছরের প্রেষণাদেশ (Deputation) মঞ্জুর করা হয় এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত প্রেষণাদেশের মেয়াদ ০১/০৩/২০২১ হতে ১৫/১২/২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। প্রেষণাদেশের মেয়াদ সর্বমোট ০৫ বছর সময়কাল অতিক্রান্ত হওয়ার পরও তিনি কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' ও ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন (Desertion)' এর অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০২/২০২২) রুজু করে কৈফিয়ত তলব করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানী প্রদান না করে ই-মেইলের মাধ্যমে জবাব প্রদান করেন। জবাব পর্যালোচনান্তে ঘটনা প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব শারমিন সুলতানা, উপসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(১)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় কিন্তু নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনো প্রকার যোগাযোগ করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিসিএস (ডাক) ক্যাডারভুক্ত ১ম শ্রেণির কর্মকর্তা হওয়ায় The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর Regulation এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal From Service)" নামীয় গুরুদন্ড আরোপ করা যায় মর্মে কমিশন পরামর্শ/মতামত প্রদান করে;

সেহেতু, জনাব কুদ্দুস আহমেদ তুষার, প্রাক্তন শাখা কর্মকর্তা (ডিএন্ডএম), ডাক অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'পলায়ন (Desertion)' সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) অনুযায়ী 'পলায়ন (Desertion)' একই বিধিমালার ৪ (৩) (১) (ঘ) মোতাবেক ১৫/১২/২০২১ তারিখ হতে 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)' গুরুদন্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আব্দুন নাসের খান)
সচিব

চলমান পৃষ্ঠা-০২

নং- ১৪.০০.০০০০.০০৬.২৭.০০২.২২-১০

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭) মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৮) যুগ্মসচিব (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১২) চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৪) জনাব কুদ্দুস আহমেদ তুষার, প্লট নং-৪১, সেক্টর-৩, উপশহর হাউজিং এস্টেট, ডাকঘর-সপুরা, থানা/উপজেলা-বোয়ালিয়া, জেলা-রাজশাহী।
১৫) অফিস কপি।

১৮/০১/২৬

মোছাঃ সুমনী আক্তার
উপসচিব
ফোন: ৯৫৭৪৪৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর
স্টাফ-২ শাখা
ডাক ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।
www.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.০২৮.২৭.০১৪.২২-২২

তারিখ: ০১/০২/২০২৬ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

২। সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা জিপিও।

৩। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৩। শাখা কর্মকর্তা (স্টাফ-১), ডাক অধিদপ্তর, ঢাকা।

৪। হিসাব রক্ষণ কর্মকর্তা (বরাদ্দ), ডাক অধিদপ্তর, ঢাকা।

৫। পি এ টু মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬। অফিস কপি।

০১/০২/২৬

(সুদীপ চাকমা)
শাখা কর্মকর্তা (সংস্থাপন)